

অর্থ আত্মসাতের অভিযোগে করা মামলায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) সাবেক ট্রাস্টি মোহাম্মদ শাহজাহানকে শর্ত সাপেক্ষে জামিন দিয়েছেন হাইকোর্ট। তাঁর জামিন প্রশ্নে রুলের চূড়ান্ত শুনানি শেষে বিচারপতি এস এম কুদ্দুস জামান ও বিচারপতি ফাহিমদা কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ আজ বুধবার এ রায় (রুল অ্যাবসলিউট) দেন।

এর ফলে শাহজাহানের কারামুক্তিতে আইনগত কোনো বাধা নেই বলে জানিয়েছেন তাঁর অন্যতম আইনজীবী মোহাম্মদ সাঈদ আহমেদ। ওই মামলায় নিম্ন আদালতে বিফল হয়ে হাইকোর্টে জামিন চেয়ে আবেদন করেন শাহজাহান। এর শুনানি নিয়ে গত ৮ আগস্ট হাইকোর্ট তাঁর জামিন প্রশ্নে রুল দেন। আদালতে সাবেক ট্রাস্টির পক্ষে শুনানিতে ছিলেন আইনজীবী মোহাম্মদ সাঈদ আহমেদ ও শাহ মঞ্জুরুল হক।

দুদকের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী খুরশীদ আলম খান।

পরে জ্যেষ্ঠ আইনজীবী সাঈদ আহমেদ প্রথম আলোকে বলেন, আদালতের অনুমতি ছাড়া শাহজাহান দেশের বাইরে যেতে পারবেন না এবং বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে যেতে পারবেন না—এ দুই শর্তে তাঁকে জামিন দিয়েছেন হাইকোর্ট।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের জমি কেনা বাবদ অতিরিক্ত ৩০৩ কোটি ৮২ লাখ টাকা ব্যয় দেখিয়ে তা আত্মসাতের অভিযোগে বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যানসহ ছয়জনের বিরুদ্ধে গত ৫ মে মামলাটি করে দুদক। এই মামলায় ওই দুই ট্রাস্টিসহ চার ট্রাস্টি হাইকোর্টে আগাম জামিন চেয়ে আবেদন করেন। ২২ মে হাইকোর্ট আগাম জামিন আবেদন খারিজ করে দিয়ে শাহজাহানসহ চারজনকে পুলিশে সোপর্দ করেন। সাবেক অপর তিন ট্রাস্টি হলেন—এম এ কাশেম, রেহানা রহমান ও বেনজীর আহমেদ। তাঁদের মধ্যে প্রথম দুজন জামিনে কারামুক্তি পেয়েছেন বলে জানিয়েছেন সংশ্লিষ্ট আইনজীবী।